

ধানে পাতা মোড়ানো পোকার আক্রমণ ও প্রতিকার

রোপা আমন মৌসুমে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর গবেষণা খামারে ধানের জমিতে পাতা মোড়ানো পোকার আক্রমণ লক্ষ্য করা যাচ্ছে। ডিম থেকে ফোটার পর কীড়াগুলো গাছের মাঝখানের দিকের পাতার একেবারে মাথায় দু-একদিন কুরে কুরে খায় (চিত্র-১)। তারপর আস্তে আস্তে মুখের লালা দিয়ে পাতাকে লম্বালম্বিভাবে মুড়িয়ে নলাকার করে ফেলে এবং মোড়ানো পাতার মধ্যে থেকে পাতার সবুজ অংশ কুরে কুরে খেয়ে ফেলে। এ পোকার ক্ষতিগ্রস্থ পাতায় প্রথমদিকে সাদা লম্বা খাওয়ার দাগ দেখা যায় (চিত্র-২)। খুব বেশী ক্ষতি করলে পাতাগুলো পুড়ে যাওয়ার মত দেখায়।



চিত্র ১: পোকার কীড়া



চিত্র ২: পাতা মোড়ানো পোকা



চিত্র ৩: পোকার ক্ষতির নমুনা

এই পোকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-


- আলোক ফাঁদ ব্যবহার করুন।
- জমিতে পাচিং করুন।
- ইউরিয়া সারের অতিরিক্ত ব্যবহার পরিহার করুন।
- জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্থ হলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
কার্বারিল	সেভিন ৮৫ এসপি	১.৭ কেজি
ক্রোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
আইসোপ্রোক্যার্ব/এমআইপি	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি



কীটতত্ত্ব বিভাগ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর


ড. শেখ শামিউল হক
সিএসও (চলতি দায়িত্ব) এবং বিভাগীয় প্রধান
কীটতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১